

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

স্মারক নং: ৩৩.০১.৮৮৯৪.০০০.এলডিডিপি.০০১.১৯/৫৬৩

তারিখঃ-০৫/০৮/২০১৯ ইং

নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের প্রাণিসম্পদ খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য উপজেলার প্রতিটি ইউনিয়ন ও পৌরসভায় ০১(এক) জন করে লাইভস্টক সার্ভিস প্রোভাইডার Livestock Service Provider(LSP) নির্বাচন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ২০/০৮/২০১৯ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্র সহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

যোগ্যতা ও অভিজ্ঞতা :

- ১। সংশ্লিষ্ট ইউনিয়নের /পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনকারীর বয়স ২৫-৪৫ বছর হতে হবে।
- ৩। পুরুষ বা নারী উভয়েই (এলএসপি) হিসেবে আবেদন করতে পারবে।
- ৪। ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৫। শিক্ষাগত যোগ্যতা নূনতম এসএসসি/ সমমান পাস হতে হবে। বাংলা পড়া ও লিখায় দক্ষ হতে হবে।
- ৬। প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত ও প্রাণিসম্পদ সেবা বা লালন পালন কাজে অভিজ্ঞতা সনদ থাকতে হবে।
- ৭। কর্মঠ, স্ব-উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুণাবলী থাকতে হবে।
- ৮। অন্য কোন প্রতিষ্ঠানে পূর্ণকালীন কর্মরতদের এবং/অথবা এনএটিপি এর সীলদের আবেদন করার প্রয়োজন নেই।

প্রয়োজনীয় ডকুমেন্টস/কাগজ পত্রাদি :

- ০১। স্বহস্তে লিখিত উপজেলা প্রাণিসম্পদ অফিসার বরাবরে আবেদনপত্র।
- ০২। শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি।
- ০৩। প্রশিক্ষণের/অভিজ্ঞতার সনদের সত্যায়িত ফটোকপি।
- ০৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
- ০৫। ন্যাশনাল আইডি কার্ড অথবা স্মার্ট কার্ডের সত্যায়িত ফটোকপি।
- ০৬। পাসপোর্ট সাইজের ২(দুই) কপি সত্যায়িত ছবি।


০৫.০৮.১৯

(ডা. মোর্শেদ উদ্দীন আহম্মদ)
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

স্মারক নং: ৩৩.০১.৮৮৯৪.০০০.এলডিডিপি.০০১.১৯/৫৬৩


তারিখঃ-০৫/০৮/২০১৯ ইং

বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো :

- ১। জেলা প্রাণিসম্পদ অফিসার, সিরাজগঞ্জ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- ৪। উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- ৫। মেয়র, উল্লাপাড়া পৌরসভা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- ৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- ৭-২০। চেয়ারম্যান.....ইউপি, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

অনুলিপি

- ১। নোটিশ বোর্ড
- ২। অফিস নথি


০৫.০৮.১৯

(ডা. মোর্শেদ উদ্দীন আহম্মদ)
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ